

পাকিস্তান গেজেট

অতিরিক্ত সংখ্যা কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

করাচী, সোমবার, অক্টোবর ২৬, ১৯৬৪

পাকিস্তান সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

রাওয়ালপিন্ডি, ২৬ শে অক্টোবর, ১৯৬৪

নং-৯২/৩১/জি/ডি-৫/৬৪।- ক্যান্টনমেন্টস আইন, ১৯২৪ (১৯২৪ এর ২), এর ধারা ১১৪ এবং ২৮০ দ্বারা প্রদত্ত ক্ষমতা বলে, কেন্দ্রীয় সরকার এই মর্মে নির্দেশ প্রদান করিতেছেন যে, পাকিস্তান ক্যান্টনমেন্টস এ্যাকাউন্ট কোড, ১৯৫৫ এ নিম্নবর্ণিত সংশোধনীসমূহ আনা হইবে, যেইগুলি বর্ণিত আইনের ধারা ২৮০ এর উপ-ধারা (১) এর আবশ্যিকতায় পূর্বে প্রকাশিত হইয়াছে, যথা :-

পূর্বে বর্ণিত কোডে,-

(১) ধারা ২, উপ-ধারা (১), দফা (৮) এ, “পাকিস্তান” শব্দটির পর, “এবং সরকার এই বিধিসমূহের অধীনে পরিচালকের সকল বা যেই কোন ক্ষমতা প্রয়োগ করার জন্য অন্য যেই অফিসারকে নিয়োগ করিবে, তিনিও অন্তর্ভুক্ত হইবেন” যুক্ত হইবে;

(২) বিধি ১৯ এ, “১০০০”, “৫০০” এবং “২০০” অংক সমূহের পরিবর্তে “৫০০০”, “২৫০০” এবং “১০০০” অংকসমূহ যথাক্রমে প্রতিস্থাপিত হইবে;

(৩) বিধি ৬৩ এ, উপ-বিধি (৩), অনুবিধিতে “১০০০” এবং “২০০” অংক সমূহের পরিবর্তে যথাক্রমে “৫০০০” এবং “২৫০০” অংক সমূহ প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ১০২ এর পর নিরূপ নতুন বিধি ১০২ক সন্নিবিষ্ট হইবে, যথা :-

“১০২ক। ক্ষমতা অর্পন।- সরকারের পূর্ব অনুমোদনক্রমে বোর্ড এবং একজিকিউটিভ অফিসার, লিখিত আদেশবলে

সেই আদেশে যেইরূপ নির্দেশিত হয়, এই বিধিমালার অধীনস্থ তাহাদের সেইরূপ সকল বা যেই কোন ক্ষমতা এবং দায়িত্ব তাহাদের অধঃস্তন যেই কোন কর্মকর্তা ক্ষা কর্তৃপক্ষকে অর্পন করিতে পারেন।”